

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।

প্রেস বিজ্ঞপ্তিঃ ঢাকা, ১৯ সেপ্টেম্বর ২০১৬ খ্রিঃ।

সর্বস্তরে রাজস্ব-বান্ধব সংস্কৃতি প্রতিষ্ঠায় আন্তরিক প্রয়াস চালানোর নির্দেশ দিয়েছেন এনবিআর চেয়ারম্যান


বাংলাদেশের অর্থনীতি দিন দিন বেগবান হওয়ায় দেশে রাজস্ব সম্ভাবনা বিশেষ করে আয়কর, শুল্ক ও ভ্যাট আহরণের সম্ভাবনা বাড়ছে। মাঠ পর্যায়ের কমিশনারবৃন্দ ও তাদের অধীনস্থ কর্মকর্তারা যথেষ্ট প্রয়াস চালানো সত্ত্বেও এখন পর্যন্ত অর্থনৈতিক কর্মকাণ্ডে নিয়োজিত সকল প্রতিষ্ঠান/ব্যক্তিকে করের আওতায় আনা যায়নি। এখনও বিভিন্ন ক্ষেত্রে চ্যালেঞ্জ বিরাজ করছে। আয়কর, শুল্ক ও ভ্যাট বিভাগ কর্তৃক এ বিষয়ে নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা প্রয়োজন।

আয়কর, কাস্টমস্ ও ভ্যাট সদস্যদের মধ্যে ঘনিষ্ঠ সমন্বয় ও নিয়মিত পারস্পরিক তথ্যাদি আদান-প্রদানের মাধ্যমে একটি অধিকতর কার্যকর টীমওয়ার্ক প্রতিষ্ঠা করার লক্ষ্যে আয়কর, শুল্ক ও ভ্যাট বিভাগের সদস্যবৃন্দের সমন্বয়ে একটি জরুরী Brainstorming Session আয়োজন করার জন্য নির্দেশনা প্রদান করেছেন সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড মোঃ নজিবুর রহমান। উক্ত সেশনে নিম্নোক্ত ৫ দফা নির্দেশনা নিবিড়ভাবে পর্যালোচনাপূর্বক একটি কৌশলপত্র প্রণয়ন করা হবে যা জাতিসংঘ সাধারণ পরিষদের ৭১তম অধিবেশন শেষে দেশে প্রত্যাবর্তনের পর সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড এর নিকট আগামী ২৬/০৯/২০১৬ খ্রিঃ তারিখে তা উপস্থাপন করা হবে। আয়কর, শুল্ক ও ভ্যাট বিভাগের মাঠ পর্যায়ের কমিশনার/মহাপরিচালকগণকে এ বিষয়ে এনবিআর চেয়ারম্যান যে ৫ দফা গুরুত্বপূর্ণ দিক-নির্দেশনা প্রদান করেছেন, তা নিম্নরূপঃ

- আয়কর, শুল্ক ও ভ্যাট বিভাগের মাঠ পর্যায়ের সকল দপ্তরসমূহের সাথে সমন্বয় রেখে মাঠপর্যায়ে কর রাজস্বের সম্ভাবনা ও চ্যালেঞ্জ সম্পর্কে একটি প্রতিবেদন প্রেরণ;
- মাঠ পর্যায়ের সকল রাজস্ব কর্মকর্তাদের পারফরমেন্স এর মূল্যায়ন ও মাসিক ভিত্তিতে প্রতিবেদন প্রেরণ;
- মাঠ পর্যায়ে রাজস্ব ফাঁকি প্রদানকারী প্রতিষ্ঠানের একটি তালিকা প্রণয়ন ও তাদেরকে রাজস্ব-বান্ধব প্রতিষ্ঠানে রূপান্তরের জন্য কৌশল প্রণয়ন;
- আইসিটি ব্যবহারের মাধ্যমে আয়কর, শুল্ক ও ভ্যাট কার্যক্রমকে গতিশীল করা। সে লক্ষ্যে ফেসবুক নিয়মিতভাবে সমৃদ্ধ (আপডেট) করা। বিশেষকরে ভ্যাট অনলাইন প্রকল্প, ট্যাক্স অনলাইন প্রকল্প এবং অ্যাসাইকুডা ওয়াল্ড সিস্টেম কার্যক্রমকে সফল করতে সর্বোত্তমভাবে প্রয়াস চালানো; এবং
- এ সকল বিষয় নিয়ে আয়কর, শুল্ক ও ভ্যাট বিভাগের মহাপরিচালক/কমিশনারদের মধ্যে মাসিক পর্যালোচনা সভার আয়োজন করা। এতে চেয়ারম্যান, এনবিআর ও সংশ্লিষ্ট সদস্যগণ উপস্থিত থাকবেন।

সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড মোঃ নজিবুর রহমান এ বিষয়ে বলেন, “চলতি অর্থ বছরের বাজেটে আয়কর, শুল্ক ও ভ্যাট বিভাগের লক্ষ্যমাত্রা অর্জনে পরিচালিত কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণপূর্বক রাজস্ব আদায়ের গতিশীলতা বজায় রাখা প্রয়োজন। এক্ষেত্রে যে সব বাধা/প্রতিবন্ধকতা আসবে তা নিরসনে সর্বোচ্চ চেষ্টা অব্যাহত রাখতে হবে। পাশাপাশি রাজস্ব সংগ্রহের কাজে অধিকতর সাফল্য অর্জনের ক্ষেত্রে সরাসরি তাঁর পরামর্শ গ্রহণ করার জন্য তিনি সকল পর্যায়ের রাজস্ব কর্মকর্তাদের আহ্বান জানিয়েছেন”।

বর্ণিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত গণমাধ্যমে প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হ'ল।

  
(সৈয়দ এ. মুমেন)  
সিনিয়র তথ্য কর্মকর্তা

প্রাপকঃ  
বার্তা সম্পাদক  
সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া।